

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২ ১৩৮

আগরতলা, ১১ ডিসেম্বর, ২০২৪

কাঠিয়াবাবা ব্যাঙ্গু টেকনোলজি ও ম্যানেজমেন্ট কলেজের শিলান্যাস  
বাঁশকে ভিত্তি করে টেকনোলজি ও ম্যানেজমেন্ট কলেজ  
স্থাপন এক প্রশংসনীয় উদ্যোগ : শিল্প ও বাণিজ্য রাষ্ট্রমন্ত্রী

মোহনপুর মহকুমার তুলাবাগানে কাঠিয়াবাবা মিশন স্কুল প্রাঙ্গণে আজ এক অনুষ্ঠানে কাঠিয়াবাবা ব্যাঙ্গু টেকনোলজি ও ম্যানেজমেন্ট কলেজের শিলান্যাস হয়েছে। শিল্প ও বাণিজ্য রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা এই কলেজের শিলান্যাস করেন। অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বলেন, বাঁশকে কেন্দ্র করে যে কলেজ এখানে স্থাপিত হবে সেটা আগামীদিনে ত্রিপুরার কারুশিল্পে উদ্যোগীদের জন্য এক নতুন দিগন্তের সূচনা করবে। কাঠিয়াবাবা গুরুকুলম সেবা ট্রাস্টের সচিব মান্না রায়ের উদ্যোগে বাঁশগ্রামে নানা প্রজাতির বাঁশের চাষ হয়। বাঁশগ্রামে নানা প্রকার বাঁশজাত সামগ্রীও তৈরি হয়। বাঁশকে ভিত্তি করে টেকনোলজি ও ম্যানেজমেন্ট কলেজ স্থাপন এক প্রশংসনীয় উদ্যোগ। অনুষ্ঠানে তিনি এই কলেজের শ্রীবৃদ্ধি কামনা করে বলেন, রাজ্যের বাঁশজাত শিল্প সামগ্রীর সুনাম দেশ বিদেশে ছড়িয়ে রয়েছে। রাজ্যের ছেলেমেয়েরা আগামীদিনে এই কলেজ থেকেই বাঁশভিত্তিক শিল্প স্থাপনে জ্ঞান অর্জন করতে পারবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি বলাই গোস্বামী বলেন, এখানে বাঁশ দিয়ে কারু শিল্পের কলেজ স্থাপন কর্মসূচি সফলভাবে সম্পন্ন হলে আমাদের রাজ্যের জন্য তা খুবই গর্বের ও আনন্দের হবে। অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বন দপ্তরের প্রধান সচিব আর কে শ্যামল, ত্রিপুরা মানবাধিকার কমিশনের সচিব রতন বিশ্বাস, রাজ্যে প্রাক্তন আইজি বি কে রায় এবং মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত। উপস্থিত ছিলেন মোহনপুর পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন শংকর দেব, ত্রিপুরা ব্যাঙ্গু মিশনের এমডি সাজ্জাদ পি, কাঠিয়াবাবা মিশন স্কুলের প্রিন্সিপাল বিশ্বজিৎ সরকার প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন কাঠিয়াবাবা গুরুকুলম সেবা ট্রাস্টের সচিব মান্না রায়।

\*\*\*\*\*